# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪৭. মারিফতের প্রাবল্যে আত্মবিলুপ্তি

যাহিরী ইলম, বাতিনী ইলম, মারিফাত, ফানা ইত্যাদি বিষয়ক দাজ্জাল জালিয়াতদের বানানো একটি গল্প একজন সরলপ্রাণ সুফীর বই থেকে উদ্ধৃত করছি: ‘‘হজরত (রাসূলুল্লাহ ﷺ) ঐশী উন্মাদনার মধ্যে এরূপ আত্ম-বিলুপ্ত হইতেন যে, প্রিয় সহধর্ম্মিনী আয়েশাকেও চিনিতে পারিতেন না। একদা আঁ-হজরত স্বীয় স্ত্রীকে জিজ্ঞাসা করিয়াছিলেন: ‘মান আন্তে’ (তুমি কে)? হজরত আয়েশা বলিলেন, ‘আনা আয়েশাতো’ (আমি আয়েশা)। পুনরায় আঁ-হজরত জিজ্ঞাসা করিলেন, ‘মান আয়েশাতো’ (আয়েশা কে)? তিনি বলিলেন, ‘বিন্‌-তুচ্ছ ছিদ্দীক’ (প্রথম খলিফা ছিদ্দিক কন্যা)। পুনরায় আঁ-হজরত জিজ্ঞাসা করিলেন, ছিদ্দিক কে? উত্তরে তিনি বলিলেন- ‘মুহাম্মদের শ্বশুর’। যখন পুনরায় আঁ-হজরত জিজ্ঞাসা করিলেন, ‘মুহাম্মদ কে?’ তখন হজরত আয়েশা স্বামীর অবস্থান্তর বুঝিতে পারিয়া নিবর্বাক রহিলেন।’’[1]

মহান আল্লাহ জালিয়াতদেরকে লাঞ্ছিত করুন, জালিয়াতির অপবিত্রতা থেকে তাঁর প্রিয়তম মুহাম্মাদ (ﷺ)-এর পবিত্র আঙ্গিনাকে মুক্ত করুন, জালিয়াতদের বানানো ‘‘জাল ইসলাম’’ থেকে উম্মাতে মুহাম্মাদীকে রক্ষা করুন এবং মুহাম্মাদ (ﷺ)-এর উম্মাতের সকলকে তাঁর রেখে যাওয়া কুরআন কারীম ও বিশুদ্ধ হাদীসের আলোকে জীবন গঠনের তাওফীক প্রদান করুন।

## ফুটনোট

[1] আলহাজ্জ খান বাহাদুর আহছানউল্লা, ছুফী (ঢাকা, ইসলামিক ফাউন্ডেশন, ২য় সংস্করণ ২০১১) পৃষ্ঠা ১৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4908

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন